গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২১/ ১৩ তারিখ: ২৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ০২/২০২৩**

**বিষয়ঃ আমদানিতব্য "AG LIPIDS MGL-8 (Vegetable Fat)" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ ACI Godrej Agrovet Private Limited এর ২১/১১/২০২২ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

ACI Godrej Agrovet Private Limited নামক প্রতিষ্ঠান "AG LIPIDS MGL-8 (Vegetable Fat)" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | ACI Godrej Agrovet Private Limited |
| আবেদনকারীর ঠিকানা | 245. Tejgaon I/A, ACI Centre, Dhaka-1208 |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | AG LIPIDS MGL-8 (Vegetable Fat) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Packed in 25kg Paper Bags |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Indonesia |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 1516.20.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

AG LIPIDS MGL-8(Vegetable Fat) নামক পণ্যটি এক প্রকার fractionated palm fat with activated phospholipids। এটি Packed in 25kg Paper Bags (Unpalletised) প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য পণ্যের সঠিক এইচ এস কোড নির্ধারনের জন্য The Explanatory Notes of the Harmonized System 2022 edition (HS) by World Customs Organization এ বিবৃত Heading 15.16 এবং Heading 15.17 এ শ্রেণিবিন্যাসযোগ্য পণ্যের বর্ণনা তুলনামূলকভাবে পাঠ করা যেতে পারে। এতে দেখা যায়, Heading 15.16 এ সে সকল animal, vegetable or microbial fats and oils অন্তর্ভুক্ত হবে যাদের নিচের কোন একটি specific chemical transformation করা হয়েছে কিন্তু "further prepared" করা হয়নি, যথাঃ

- Hydrogeneration of fats and oils
- Inter-esterification, re-esterification or elaidinization of fats and oils.

আবার Heading 15.17 এ শ্রেণিবিন্যাসযোগ্য পণ্যের ক্ষেত্রে বলা হয়েছে, এ পণ্যগুলো পূর্বে Hydrogenated করা হলেও পরবর্তীতে " may be worked by emulsification, churning, texturation etc" এবং "may contain small quantities of added lecithin, starch, coloring, flavoring, vitamins, butter or other milkfat… " হতে পারে।

আমদানিকারকের সরবরাহকৃত দলিল (Annexure M) অনুযায়ী, আমদানিতব্য পণ্যটিতে উপাদান হিসেবে Fractioned and Partly Hydrogenated vegetable fat এবং lecithin আছে বিধায় Explanatory Notes এর ব্যাখ্যা অনুযায়ী পণ্যটি এইচ এস কোড 1517.10.10 (25kg ধারণ ক্ষমতার কাগজের ব্যাগে আমদানি করা হবে বলে ঘোষণা করা হয়েছে) তে শ্রেনীবিন্যাসিত হবে।

এ প্রসংগে উল্লেখ করা যেতে পারে যে, আমদানিকারক তাঁর আবেদনে এ বিষয়ে ইতিপূর্বে রুলিং পেয়েছেন বলে উল্লেখ করেছেন (রুলিং নং ২০/২০২২)। উক্ত রুলিং এর আওতায় আমদানিকৃত পণ্যটি ছিল NL 100 (Vegetable Fat Powder for Ruminants) যার রাসায়নিক গঠনে Lecithin এর উপস্থিতি ছিল না (আবেদনের সাথে দাখিলকৃত দলিলের Annexure J দ্রষ্টব্য) । এমতাবস্থায়, রাসায়নিক গঠন বিবেচনায় পূর্বের এবং বর্তমানের পণ্য দুটি একই পণ্য নয়। সার্বিকভাবে বর্তমানে আমদানিতব্য AG Lipids MGL-8 (Vegetable Fat) নামীয় পণ্যটি এইচ এস কোড 1517.10.10 তে শ্রেনীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বা/২৪/০৩/২০২৩

(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.২০২১/ ১৬(২৭)　　　　　　　　　　　　　তারিখ: ২৪ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, ACI Godrej Agrovet Private Limited, 245. Tejgaon I/A, ACI Centre, Dhaka-1208

২৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২৪/০১/২৩

(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com